

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
(প্রশাসন-১ শাখা)  
পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।  
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০১.৮১.০০১.২০১৬- ২২০

তারিখ ০৩ ফাল্গুন ১৪২২  
১৫ ফেব্রুয়ারি ২০১৬

বিষয় : সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট মনোনয়ন।


সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের উন্নয়ন সমন্বয় শাখার পত্র নম্বর-০৪.০০.০০০০.৭২২.১৪.০৩৫.১৫.৫১, তারিখ : ১০ জানুয়ারি ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হলোঃ

ক্রমিক নম্বর	দায়িত্ব	টেলিফোন/মোবাইল নম্বর/ই-মেইল নম্বর
০১	জনাব দিলীপ কুমার বণিক যুগ্মসচিব (আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।	সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট ৯৫৮৮২২৪ ০১৭১১-৩৩৭৩০২ ই-মেইল-dilipbanik60@gmail.com
০২	জনাব মুহাম্মদ নূর আলম উপসচিব (বাজেট) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।	সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট ৯৫৫০১৩৩ ০১৭১১-০১৭৭০২ ই-মেইল-dsbudget@molwa.gov.bd

০২। ফোকাল পয়েন্ট এর কার্য-পরিধি :

- (১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ-ভিত্তিক সুনির্দিষ্ট কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;
- (২) সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির সুবিধাভোগী নির্বাচন, বাস্তবায়ন অগ্রগতি ও বাজেট সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার নিকট হতে সংগ্রহপূর্বক নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- (৩) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ এর বিষয়ে কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ ও অবহিককরণমূলক কার্যক্রম গ্রহণ;
- (৪) সামাজিক নিরাপত্তা বেটনী সংক্রান্ত বিষয়ভিত্তিক কর্মসূচি গুচ্ছ কমিটির সভায় অংশগ্রহণ;
- (৫) সামাজিক নিরাপত্তা বেটনী সংক্রান্ত বিভিন্ন গবেষণা, প্রশিক্ষণ এবং আন্তর্জাতিক অভিজ্ঞতা বিনিময় কার্যক্রমে অংশগ্রহণ; এবং
- (৬) সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগের পক্ষে সমন্বয়কের দায়িত্ব পালন।



(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব (প্রশাসন-১)  
ফোনঃ ৯৫৭৮৬৪৮

info.molwa@yahoo.com

বিতরণ :

- ০১। জনাব দিলীপ কুমার বণিক, যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।  
(তাকে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বর্ণিত তথ্যাবলী আপলোড করার অনুরোধসহ)।
- ০২। জনাব মুহাম্মদ নূর আলম, উপসচিব (বাজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ০৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।